দৈনিক ইত্তেফাক

FEB 17 2002

তারিখ ...
পৃষ্ঠা ১৮ কলাম ৬

ইডেন কলেজে সমাবেশ

# ৪৮ ঘন্টার মধ্যে মিলির হত্যাকারীদের গ্রেপ্তার করা না হলে দুর্বার আন্দোলন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল শনিবার ইডেন কলেজের ছাত্রী শারমিন সুলতানা মিলি হত্যার প্রতিবাদে কলেজ ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, মিলিকে তার স্বামী যৌতুকের দাবীতে শারীরিক নির্যাতন চালিয়ে হত্যা করেছে। মিলির ঘটনাকে আত্মহত্যা বলে প্রকাশ করার জন্য পুলিশ/প্রশাসন ও ঢাকা মেডিক্যাল কলেজ ফরেনসিক বিভাগের কর্তৃপক্ষকে প্রলুব্ধ করার চেষ্টা করা হচ্ছে বলেও বক্তারা অভিযোগ করেন। হত্যাকান্ডের ২০ দিন পরও ময়না তদন্তের রিপোর্ট পুলিশের কাছে পৌঁছেনি। বক্তারা বলেন; ময়না তদন্তকারী চিকিৎসক রিপোর্ট দিতে বিলম্ব করার অর্থই হচ্ছে, মিলির ময়না তদন্তের রিপোর্ট প্রাপ্তির পর আর যাতে দ্বিতীয় দফা ময়না তদন্ত না করা যায় তার ব্যবস্থা করা। আগামী ৪৮ ঘন্টার মধ্যে মিলির হত্যাকান্ডের সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করা না হলে দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে বলেও সমাবেশে ঘোষণা দেয়া হয়। সমাবেশে বক্তব্য রাখেন ইডেন কলেজের অধ্যক্ষা মিনুফার চৌধুরী, ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপিকা আনোয়ারা বেগম, সহযোগী অধ্যাপিকা সৈয়দা সেলিনা বেগম, বেগম মজিদা আফরোজ, মাশরুবা খানম, শাহানারা বেগম, সহকারী অধ্যাপিকা নাসিমা বেগম, রহিমা আক্তার, আফরোজা বেগম, তছলিমা খাতুন, মমতাজ শাহানারা প্রমুখ।